নতুন সংস্করণ

ছড়ার ছবি

২



শিশু সাহিত্য সংসদ


ছড়ার ছবি ২



শিশু সাহিত্য সংসদ



কোথায় আমার চাঁদমণি
মুচকি হাসি মুখখানি ?
ঝাঁপিয়ে কোলে আয় দেখি মা
গাল ভরে দিই হাজার চুমা।



কে মেরেছে কে ধরেছে
কে দিয়েছে গাল?
তাইতে খোকা রাগ করেছে
ভাত খায়নি কাল!



খোকন খোকন ডাক পাড়ি
খোকন মোদের কার বাড়ি?
আয় রে খোকন ঘরে আয়,
দুধমাখা ভাত কাকে খায়।



আতা গাছে তোতাপাখি
ডালিম গাছে মউ,
এত ডাকি তবু কথা
কও না কেন বউ?



আয় রে পাখি ল্যাজ-ঝোলা
খোকন নিয়ে কর খেলা।
খাবি দাবি কলকলাবি
খোকাকে মোর ঘুম পাড়াবি।



খোকা খেলে কোনখানে ?
শাল পিয়ালের বন পানে;
সেখানে খোকা কী করে ?
খোকা খোকা ফুল পাড়ে।



দিদিমণির কোলে
খুকুমণি দোলে।
খুকু নড়লে নড়ে চুল,
খুকুর মাথায় চাঁপাফুল।



আয় রে আয় মেনি
খোকার দুধে চিনি।
দুধু খাবে না রাগ করেছে
খোকন জাদুমণি।
আয় রে আয় মেনি।



খোকাবাবু যায়
লাল মোজা পায়;
বড়ো বড়ো দিদিরা সব
উঁকি মেরে চায়,
খোকা ফিরে না তাকায়।



খুকু এসেছে বেড়িয়ে
পায়ের ঘুঙুর হারিয়ে
গেছে গেছে হারিয়ে
আবার দেব গড়িয়ে
দুধ আন গো জুড়িয়ে।



খোকা যাবে শিকার করতে
দূর গাঁয়ের বনে,
লাল জুতা লাল মোজা
দেছেন বাবা কিনে।
কী মারবে—কী মারবে
অতটুকু ছেলে?
ব্যাং মারবে ছুঁচো মারবে
সামনে ধরে দিলে।



আয় চাঁদ আয় না,
গড়িয়ে দেব গয়না।
দুই হাতে বালা দেব
দুই কানে দুল দেব
গলে দেব হার,
তোরে কত দেব আর!
ঘুঙুর দেব পায়—
তুই খুকুর কাছে আয়।




ঘুমপাড়ানি মাসি পিসি
মোদের বাড়ি এসো,
খাট নাই পালং নাই
চোখ পেতে বসো।
বাটা ভরা পান দেব
গাল পুরে খাও,
খোকার চোখে ঘুম নাই
ঘুম দিয়ে যাও।



চাঁদের পানে   চেয়ে চেয়ে
রাত কেটেছে কত,
তাইতে সোনা   চাঁদের কণা
পেয়েছি মনের মতো।
ধনকে নিয়ে   বনকে যাব
আর করব কী?
চুপটি করে   বসে ধনের
মুখটি নিরখি।



দোল দোল দোল
কীসের এত গোল?
খোকা যাবে বিয়ে কত্তে
সাথে ছশো ঢোল।
থামল ঢোলের রব—
খোকনমণি ঘুমিয়ে প'ল
শান্ত হল সব।






ছড়ার ছবি-১, ২, ৩ ৪
আমার ছড়া (সুনির্মল বসু)
ছোটদের ছড়া সঞ্চয়ন
খাগড়াই (সুকুমার রায়)
হাসিরাশি (যোগীন্দ্রনাথ সরকার)
ছড়া ছবিতে জানোয়ার

ছড়া ছবিতে পাখি
ছড়া ছবিতে যানবাহন
ছড়া ছবিতে অ আ ক খ
ছড়া ছবিতে বর্ণপরিচয়
ছড়া ও ছবি-১, ২
ছড়ায় ছড়ায় ১, ২
খোকনের খাতা





সংকলন
মহেন্দ্রনাথ দত্ত

শিল্পী
নরেন্দ্রনাথ দত্ত

প্রথম প্রকাশ : ১৯৫০
৫৮তম মুদ্রণ : জানুয়ারি ২০২৪

প্রকাশক
দেবজ্যোতি দত্ত
শিশু সাহিত্য সংসদ প্রা লি
৩২এ আচার্য প্রফুল্লচন্দ্র রোড
কলকাতা-৭০০ ০০৯

মুদ্রক
এস. পি. কম্যুনিকেশনস প্রা. লি.
মারলিন মেরিগোল্ড
৩১বি, রাজা দীনেন্দ্র স্ট্রিট
কলকাতা ৭০০ ০০৯

শিশু সাহিত্য সংসদ

₹ 45.00